

স্কুলের মাঠে জলাবদ্ধতা শিক্ষার্থীদের ভোগান্তি

এনামুল হক দুখু, তারাগঞ্জ (রংপুর)

১৯ মে ২০২৬, ১২:০০ এএম



রংপুরের তারাগঞ্জ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে জলাবদ্ধতা -আমাদের সময়

রংপুরের তারাগঞ্জ উপজেলার তারাগঞ্জ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে জলাবদ্ধতার কারণে শিক্ষক-শিক্ষার্থীরা ভোগান্তি পড়েছেন।

গতকাল সোমবার সরেজমিনে দেখা যায়, বিদ্যালয়ের মাঠজুড়ে হাঁটু সমান পানি জমে রয়েছে। শিক্ষার্থীরা পানি ও কাদা মাড়িয়ে বইয়ের ব্যাগ কাঁধে নিয়ে শ্রেণিকক্ষে প্রবেশ করছে। এতে শ্রেণিকক্ষও নোংরা হয়ে পড়ছে এবং শিক্ষার পরিবেশ ব্যাহত হচ্ছে।

বিদ্যালয়ের শিক্ষার্থী আল-আমিন বলেন, সামান্য বৃষ্টি হলেই আমাদের বিদ্যালয়ের মাঠে হাঁটু সমান পানি জমে থাকে। এর ফলে আমাদের চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে। এখন বর্ষার সময়, প্রায় সব দিনই বৃষ্টি হচ্ছে। আমাদের বিদ্যালয়ের মাঠে জমে থাকা বৃষ্টির পানি বের হওয়ারও কোনো রাস্তা নেই। তাই সামান্য বৃষ্টি হলেই দীর্ঘ সময় মাঠে পানি জমে থাকে।

তারাগঞ্জ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা ফেরদৌস আরা বলেন, মাঠে জলাবদ্ধতার কারণে চরম ভোগান্তিতে পড়তে হয়েছে আমাদের। বিষয়টি আমি টিও ও স্থানীয় কুর্শা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে জানিয়েছি। এখন পর্যন্ত কেউ কোনো কার্যকর পদক্ষেপ নেননি। উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মোনাব্বর হোসেন বলেন, বিদ্যালয়ের মাঠের আশপাশের স্থানীয় লোকজন পানি যাওয়ার রাস্তা বন্ধ করে দেওয়ার কারণে এ অবস্থার সৃষ্টি হয়েছে।